



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

[Website:www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫

১০ চৈত্র ১৪৩১

তারিখ:

২৪ মার্চ ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানিসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বৈদেশিক ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৬ তারিখ: ২৯ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের প্রশিক্ষণ/স্টাডি ট্যুর/এক্সপোজার ভিজিট/সভা/সেমিনার অংশগ্রহণ বিষয়ক বৈদেশিক ভ্রমণ বন্ধ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
- এক্ষেণে, উক্ত সার্কুলার লেটারের অনুবৃত্তিক্রমে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণ দাপ্তরিক প্রয়োজনে অত্যাবশ্যকীয় বহিঃবাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে স্বীয় প্রতিষ্ঠানের বহিঃবাংলাদেশ ভ্রমণ সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বহিঃবাংলাদেশ ভ্রমণ করতে পারবেন। তবে, ফাইন্যান্স কোম্পানির যেসকল কর্মকর্তা-কর্মচারীর বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পৃথক কোন নির্দেশনা রয়েছে তা পরিপালন করতে হবে।
- ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।